



টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড

(ডিজিটাল ডিভাইস উৎপাদন, সংযোজন ও সরবরাহকারী একমাত্র রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠান)

টঙ্গী, গাজীপুর-১৭১০, ফোন: +৮৮-০২-২২৪৪১০৭৭৯, ফ্যাক্স: +৮৮-০২-২২৪৪১২৭০০
ই-মেইল: mdtss@tss.com.bd, md.tssltd@gmail.com, ওয়েব সাইট: www.tss.gov.bd



উন্নত মান ও
বিশ্বস্ত সেবার পথি


স্মারকঃ ১৪.৩৬.০০০০.০০৭.১১.০২০.২২.০৪৭

তারিখঃ ০২.১০.২০২৩ খ্রিঃ

টেশিস এর প্যানেল আইনজীবী নিয়োগ বিজ্ঞপ্তি

ডাক ও টেলিযোগাযোগ বিভাগ-এর আওতাধীন টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড (টেশিস)-এর জন্য এক বা একাধিক প্যানেল আইনজীবী নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন আইন পেশায় নিয়োজিত জন্মসূত্রে বাংলাদেশ পেশাজীবীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। ২ (দুই) কপি পাসপোর্ট সাইজ ছবিসহ সকল শিক্ষাগত যোগ্যতা, সকল অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি এবং জাতীয় পরিচয়পত্রের কপি সংযুক্তিপূর্বক আবেদনপত্র ব্যবস্থাপনা পরিচালক, টেলিফোন শিল্প সংস্থা লিঃ, টঙ্গী, গাজীপুর-১৭১০ বরাবরে রেজিস্টার্ড ডাকযোগে (অথবা সরাসরি অফিস চলাকালীন সময়ে) আগামী ১৯ অক্টোবর ২০২৩ খ্রিঃ (বৃহস্পতিবার) তারিখের মধ্যে পৌঁছাতে হবে।

শিক্ষাগত যোগ্যতাঃ	প্রার্থীকে আইন বিষয়ে ন্যূনতম স্নাতক হতে হবে। আইনবিষয়ে উচ্চতর ডিগ্রীধারী আবেদনকারীগণ অগ্রাধিকার পাবেন। শিক্ষান্তরের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়।
অভিজ্ঞতাঃ	(ক) প্রার্থীকে অবশ্যই মহামান্য বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের তালিকাভুক্ত আইনজীবী হতে হবে। আপীল বিভাগে তালিকাভুক্ত আবেদনকারী অগ্রাধিকার পাবেন। (খ) বাংলাদেশের বিভিন্ন এখতিয়ার সম্পন্ন কোর্টে আইনজীবী হিসেবে ন্যূনতম ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে, তন্মধ্যে মহামান্য বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে ন্যূনতম ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। (গ) প্রার্থীকে দেওয়ানী আইন, ফৌজদারী আইন, শ্রম আইন, কোম্পানী আইন, চুক্তি আইন, ভূমি আইন, প্রাসনিক আইন, সম্পত্তি হস্তান্তর আইন, সালিশি আইন, সরকারী পাওনা আদায়, চাকুরী সংক্রান্ত বিধি-বিধান, টেলিযোগাযোগ সংক্রান্ত বিভিন্ন আইন/নীতিমালা এবং রিট পরিচালনার বিষয়ে অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। (ঘ) প্রার্থীর টেলিকম সেক্টরের কোন প্রতিষ্ঠানে আইন উপদেষ্টা/ প্যানেল আইনজীবী হিসেবে কাজ করার অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার প্রদান করা হবে। (ঙ) সরকারি/ আধা-সরকারি/স্বায়ত্বশাসিত/ সরকারি মালিকানাধীন প্রতিষ্ঠানের আইন উপদেষ্টা/ প্যানেল আইনজীবী হিসেবে কাজ করার অভিজ্ঞতা অগ্রাধিকার প্রদান করা হবে।
বয়সঃ	১৯/১০/২০২৩ খ্রিঃ তারিখে (বৃহস্পতিবার) প্রার্থীর বয়স ন্যূনতম ৩৫ বছর ও সর্বোচ্চ ৬৫ বছরের মধ্যে হতে হবে।
চুক্তির মেয়াদঃ	০২ (দুই) বছর। চাকুরী সন্তোষজনক প্রতীয়মান হলে উভয় পক্ষের আলোচনা ও সম্মতিক্রমে নবায়নযোগ্য।
সম্মানীঃ	প্রার্থী প্যানেল আইনজীবী হিসেবে নিয়োগের জন্য বিবেচিত হলে চুক্তি সম্পন্ন করার পর টেশিস নিশ্চিত হারে/ আলোচনা সাপেক্ষে প্রযোজ্য আয়কর কর্তনের পর) পরামর্শক ফি প্রাপ্য হবেন। প্রযোজ্য ভ্যাট টেশিস পরিশোধ করবে।
কর্মপরিধিঃ	ক। নিম্ন আদালত ও উচ্চ আদালতে টেশিস সংক্রান্ত মামলার রায়ের পর উচ্চ আদালতে মামলা দায়েরের বিষয়ে মতামত প্রদান। খ। সংস্থার পক্ষে মামলা দায়েরের ক্ষেত্রে আরজি সঠিক আছে কিনা পরীক্ষা নিরীক্ষাপূর্বক মতামত প্রদান। গ। সংস্থাকে বিবাদী করে দায়েরকৃত মামলায় সংস্থার জবাব সঠিক আছে কিনা পরীক্ষা নিরীক্ষাপূর্বক মতামত প্রদান। ঘ। টেশিস সংশ্লিষ্ট মামলাসমূহ সুষ্ঠুভাবে তদারকি করা এবং যথাযথ পদক্ষেপের জন্য পরামর্শ প্রদান। ঙ। টেশিস সংশ্লিষ্ট যে কোন আদালতে মামলায় স্থগিতাদেশ থাকলে উক্ত বিষয়ে প্রশাসনিক ও আর্থিক বিষয় ব্যবস্থা গ্রহণে আইনি পরামর্শ প্রদান। চ। টেশিস এর যে কোন স্বাবর/ অস্থাবর সম্পত্তির বিরোধ বিষয়ে করণীয় সম্পর্কে আইনগত মতামত প্রদান। ছ। টেশিস এর বিভিন্ন পার্টনারের সাথে চুক্তির শর্তাবলী টেশিসের স্বার্থ সংশ্লিষ্টতা সম্পর্কে পরীক্ষা নিরীক্ষাপূর্বক ভেটিং/ মতামত প্রদান। জ। ক্ষেত্র বিশেষে বিভিন্ন মামলা পরিচালনার ক্ষেত্রে উচ্চ আদালত বা সালিশি আদালতে সিনিয়র আইনজীবী এবং আরবিট্রেটর নিয়োগের জন্য সংস্থাকে সহায়তা করা। ঝ। ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এবং টেশিস প্রদত্ত আইন সংশ্লিষ্ট যে কোন দায়িত্ব যথাযথভাবে প্রতিপালন। ঞ। কর্তৃপক্ষের অনুরোধে প্রযোজ্য ক্ষেত্রে আইনী সহায়তা প্রদান।
অন্যান্য শর্তাদিঃ	(ক) টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড (টেশিস) কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরখাস্ত অথবা সকল দরখাস্ত গ্রহণ/ বাতিল করার অধিকার সংরক্ষণ করে। (খ) অসম্পূর্ণ/ প্রত্যাশিত প্রমাণক সংযুক্ত করা হয়নি এরূপ আবেদন বাতিল মর্মে বিবেচিত হবে। (গ) নিয়োগ বিজ্ঞপ্তি টেশিসের ওয়েবসাইট www.tss.com.bd এবং www.tss.gov.bd তে পাওয়া যাবে।


(সাইদ মাহমুদ পিইঞ্জ)
মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ)
টেশিস, টঙ্গী, গাজীপুর